গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাইফ ভিউ-ফুলকুঁটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)
৭৪ বঙ্গাবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।
www.food.narayanganj.gov.bd

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০১.৫৭.০০৩.২৪.১৫৮১ তারিখ: ১৩.১১.২০২৪ খ্রি.।

ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয়ের (ওএমএস) জন্য ওয়ার্ডভিত্তিক বিক্রয় কেন্দ্রসমূহের বিপরীতে ওএমএস ডিলার নিয়োগ করা হবে। নির্ধারিত বিক্রয় কেন্দ্রসমূহের বিপরীতে ওএমএস ডিলারশীপ গ্রহণে আগ্রহী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলীঃ

১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮(আঠারো) বছরের উর্ধ্বে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী নাগরিক আবেদন করতে পারবেন;
২। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী থাকতে হবে;
৩। খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে।
৪। আবেদনকারীর ০৩(তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে। দোকানের মেঝে পাকা হতে হবে।
৫। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাক/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে;
৭। ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য ডিলারের প্রতিনিধিত্ব করবেন না' মর্মে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে।
৮। আবেদনকারীর স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের উপযোগী ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং ওএমএস সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;
৯। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণও এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।
১০। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
১১। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
১২। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারি/জনপ্রতিনিধি ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
১৩। আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) এ-চালানের মাধ্যমে কোড নম্বর "১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯-অন্যান্য আদায়" খাতে জমা করে চালানের ফটোকপি দাখিল করে **১৪ নভেম্বর'২০২৪ হতে ২৪ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) হিসাব শাখা জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে আবেদন ফরম ও বিক্রয় কেন্দ্রের তালিকা সংগ্রহ করা যাবে। চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
১৪। আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি একটি খামে ঢুকিয়ে মুখ বন্ধ করে খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, বিক্রয় কেন্দ্রের নাম ও ওয়ার্ড নম্বর স্পষ্ট অক্ষরে লিখে উক্ত খাম জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ-এ স্থাপিত আবেদনপত্র গ্রহণ বাক্সে **১৭ নভেম্বর'২০২৪ হতে ২৫ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) জমা দেয়া যাবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গৃহীত হবে না এবং বাতিলযোগ্য বিবেচিত হবে।

চলমান পাতা-২

১৫। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ-এ ওএমএস ডিলার "খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪" ও এ-সংক্রান্ত সংশোধিত পরিপত্র এবং সর্বশেষ নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে জেলা ওএমএস কমিটি এ নোটিশ বাতিল/সংশোধন/পরিবর্তন অথবা যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ হতে জানা যাবে।

(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
নারায়ণগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা ওএমএস কমিটি, নারায়ণগঞ্জ।

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০১.৫৭.০০৩.২৪.১৫৮১(১২) তারিখ: ১৩.১১.২০২৪ খ্রি.।

<u>সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৬। প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৯। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
১১। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
১২। অফিস কপি।

১৩/১১/২০২৪
জেলা খাদ্য নিয়ন্ত্রক
নারায়ণগঞ্জ।

জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ দপ্তরের (সাধারণ শাখা) ০৩.১১.২৪ তারিখের ১১৫নং স্মারকে গঠিত কমিটি কর্তৃক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার ওয়ার্ডভিত্তিক ৩৯টি নির্বাচিত ওএমএস বিক্রয় কেন্দ্রঃ

ক্র. নং	ওয়ার্ড নম্বর	বিক্রয় কেন্দ্রের ঠিকানা
১	১	বাতানপাড়া, পাগলাবাড়ী, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
২		মুজিববাগ (গার্মেন্স সংলগ্ন), সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩	২	কান্দাপাড়া, মিজমিজি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪	৩	সানারপাড় (রওশনআরা ডিগ্রি কলেজ সংলগ্ন), সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫		রসুলবাগ (মাদানীনগর মাদ্রাসা রোড), সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৬	৪	মাদ্রাসা রোড, ওয়াপদা কলোনী, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৭	৫	সাইলো গেইট, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
৮	৬	সুমিলপাড়া, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
৯		নতুন বাজার রোড, আদমজী, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১০	৭	ডিএনটি মার্কেট, নাভানা, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১১	৮	উত্তর এনায়েতনগর (বৌ-বাজারপুল), সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১২		ধনকুন্ডা (চেয়ারম্যান অফিস রোড), সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১৩	৯	জালকুড়ি স্কুল মাঠ সংলগ্ন, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
১৪		১০ পাইপ, জালকুড়ি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
১৫	১০	২নং ঢাকেশ্বরী বাজার রোড, গোদনাইল, নারায়ণগঞ্জ
১৬	১১	সুপারীবাগ মাজার সংলগ্ন (নতুন রাস্তা), নারায়ণগঞ্জ
১৭		১১নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় সংলগ্ন, নগর খানপুর, নারায়ণগঞ্জ
১৮	১২	মাউরাপট্টি (নতুন রাস্তা), নারায়ণগঞ্জ।
১৯		ব্যাংক কলোনী (মহব্বতের মাঠ), নারায়ণগঞ্জ।
২০	১৩	কালীর বাজার, নারায়ণগঞ্জ।
২১		কাশেম নগর, মাসদাইর, নারায়ণগঞ্জ।
২২	১৪	নন্দিপাড়া (বড় মসজিদ মোড়), নারায়ণগঞ্জ।
২৩		লক্ষ্মীনারায়ণ রোড, দেওভোগ মোড়, নারায়ণগঞ্জ।
২৪	১৫	টান বাজার, নারায়ণগঞ্জ।
২৫		জিমখানা, পৌর কলোনী, নারায়ণগঞ্জ
২৬	১৬	১নং বাবুরাইল, নারায়ণগঞ্জ।
২৭		দেওভোগ পানির ট্যাংকির মোড়, নারায়ণগঞ্জ।
২৮	১৭	শাহসুজা রোড, জল্লার পাড়, নারায়ণগঞ্জ।
২৯	১৮	বাপ্পী চত্তর, নলুয়া রোড, নারায়ণগঞ্জ।
৩০		আলআমিন নগর ব্রীজ সংলগ্ন, নারায়ণগঞ্জ।
৩১	১৯	বটতলা, মদনগঞ্জ, বন্দর, নারায়ণগঞ্জ।
৩২	২০	দড়ি সোনাকান্দা (দক্ষিণ-পশ্চিম মোড়) বন্দর, নারায়ণগঞ্জ।
৩৩	২১	এস.এস সাহা রোড, রূপালী, বন্দর, নারায়ণগঞ্জ।
৩৪	২২	চিতাশাল, বন্দর, নারায়ণগঞ্জ।
৩৫	২৩	ইস্পাহানী ঘাট, বন্দর, নারায়ণগঞ্জ
৩৬	২৪	নবীগঞ্জ চৌরাস্তা, বন্দর, নারায়ণগঞ্জ।
৩৭	২৫	লক্ষণখোলা (সরকারি আশ্রায়ন প্রকল্প সংলগ্ন), বন্দর, নারায়ণগঞ্জ।
৩৮	২৬	ইস্পাহানী বাজার, বন্দর, নারায়ণগঞ্জ।
৩৯	২৭	গকুলদাসের বাগ (মাঠ সংলগ্ন), বন্দর, নারায়ণগঞ্জ।

৩/১১/২০২৪

(মোহাম্মদ বাবুল হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ
ও
সদস্য সচিব, জেলা ওএমএস কমিটি।